

এসএসসি ও সমমানের পরীক্ষা আজ শুরু

- পরীক্ষার্থী বেড়েছে এক লাখ ৫ হাজার
- অংশ নিচ্ছে ১৪ লাখ ২০ হাজার ৫৭

নিজস্ব বার্তা পরিবেশক

আজ সারাদেশে একযোগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। এবার ৮টি সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এ পরীক্ষায় অংশ নিচ্ছে ১৪ লাখ ২০ হাজার ৫৭ জন ছাত্রছাত্রী। এরমধ্যে ৭ লাখ ৩৫ হাজার ২২৯ জন ছাত্র এবং ৬ লাখ ৮৪ হাজার ৮২৮ জন ছাত্রী। গত বছর এ পরীক্ষায় অংশ নিতেন ১৩ লাখ ১৫ হাজার দু'জন ছাত্রছাত্রী। অর্থাৎ এবার এক লাখ ৫ হাজার পরীক্ষার্থী বেড়েছে।

শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম নাইন আজ সকাল ১০টার ধানমন্ডি গড়, বয়েজ হাইস্কুলে এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

দুই হাজার ৪৬৪টি কেন্দ্রে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। এবার ২৬ হাজার ৮৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে। পরীক্ষা চলবে ৪ মার্চ পর্যন্ত। প্রথমদিন সকাল ১০টা থেকে বেলা ১টা নাগাদ বাংলা ১ম পত্রের (আবশ্যিক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা এসএসসি : পৃষ্ঠা : ১৫ প : ৫

এসএসসি পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

শেষ হওয়ার ৬০ দিনের মধ্যেই এসএসসির ফল প্রকাশ করা হবে। প্রথমবারের মতো এবার আটটি সাধারণ শিক্ষা বোর্ডে ছাত্রের চেয়ে ছাত্রীসংখ্যা বেশি। এবার এসএসসিতে ১০ লাখ ৫২ হাজার ৯৬৯ শিক্ষার্থীর মধ্যে ৫ লাখ ৩২ হাজার ৮১৮ জন ছাত্রী এবং ৫ লাখ ২০ হাজার ১১৫ জন ছাত্র। অর্থাৎ ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা ১২ হাজার ৬৬৭ জন বেশি। এছাড়া মাদ্রাসার মাঝে ২ লাখ ৭৫ হাজার ৯৩০ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ৯১ হাজার ১৫৮ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিবে। আর ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে জেলা, রিয়ার, আবুধাবি, দুবাই, দোহা-কাতার, বাহরাইন ও ত্রিপুরা কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব কেন্দ্রে মোট পরীক্ষার্থী ২৭৪ জন। প্রতিবছরী পরীক্ষার্থীদের জন্য এবার অতিরিক্ত সময় ১৫ মিনিট থেকে বাড়িয়ে ২০ মিনিট করা হয়েছে। দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিঞ্জিনিত প্রতিবন্ধী এবং হাতের হাত নেই তারা প্রতিবেশকে সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশ নিতে পারবে। এবার বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি ১ম ও ২য় পত্র এবং গণিত ছাড়া সব বিষয়ে স্জনশীল প্রশ্নে পরীক্ষা হবে।